কালের কণ্ঠ

তারিখ ... 07 APR 2017 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৪...

# কওমি মাদরাসা বোর্ড নেতাদের সমাবেশ ১১ এপ্রিল গণভবনে

## সনদের স্বীকৃতির ঘোষণা আসছে

**নিজস্ব প্রতিবেদক ▷**

স্বতন্ত্র ধারার ইসলামী শিক্ষাপ্রতিষ্ঠান কওমি মাদরাসার বিবদমান বিভিন্ন বোর্ডের নেতাদের সমাবেশ হতে যাচ্ছে আগামী ১১ এপ্রিল গণভবনে। এতে হেফাজতে ইসলামের আমির ও বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশের (বেফাক) সভাপতি আল্লামা শাহ আহমদ শফীসহ দেশের বিভিন্ন কওমি মাদরাসা বোর্ডের শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন। এ সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কওমি মাদরাসার শিক্ষা সনদের আনুষ্ঠানিক স্বীকৃতির ঘোষণা দেবেন বলে সংশ্লিষ্ট সূত্রে নিশ্চিত হওয়া গেছে।

কওমি মাদরাসার সনদের স্বীকৃতির ব্যাপারে আওয়ামী লীগের নেতৃত্বাধীন সরকার বিভিন্ন সময় উদ্যোগ নিলেও বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোটের অনুসারীসহ হেফাজতে ইসলামের নেতাদের বিরোধিতার কারণে এত দিন সফল হয়নি। গত ২৮ মার্চ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে বিবদমান গ্রুপগুলোর নেতাদের বৈঠকে এ ব্যাপারে সমঝোতা হয়েছে বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্র মতে, ওই বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক ১১ এপ্রিল গণভবনে কওমি মাদরাসাসংশ্লিষ্ট আলেম-উলামাদের সমাবেশ আহ্বান করা হয়েছে। প্রতিনিধিত্বশীল প্রায় ২০০ আলেমকে এতে আমন্ত্রণ জানানো হয়েছে। এতে যোগ দেওয়ার জন্য আহমদ শফী ঢাকায় এসে পৌঁছেছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে জানতে চাইলে বাংলাদেশ জমিয়াতুল উলামার চেয়ারম্যান ও কওমি মাদরাসা শিক্ষা কমিশনের কো-চেয়ারম্যান মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ বলেন, অবশেষে কওমি মাদরাসার স্বীকৃতির বিষয়ে একটি সমঝোতায় পৌঁছানো সম্ভব হয়েছে। অনেক বিষয়ে সবাইকে ছাড় দিতে হয়েছে। তবে এ ব্যাপারে বিস্তারিত কিছু জানাতে তিনি অস্বীকার করেন।